**মতামত প্রদান/অভিযোগ দায়ের**

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) বিশ্বব্যাংক-এর আর্থিক (ঋণ) সহায়তায় 'বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌ-পরিবহন প্রকল্প-১' বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে (যেমন- প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ, পুনর্বাসন, ক্রয়, নির্মাণ কাজের গুণগতমান, সামাজিক নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা, আর্থিক ব্যবস্থাপনা, লিঙ্গভিত্তিক সহিংসতা ইত্যাদি) পরামর্শ, মতামত বা কোন অভিযোগ থাকলে তা নিম্নোক্ত ঠিকানায় দায়ের করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে (প্রকল্পের ক্রয়, নির্মাণ কাজের গুনগতমান, সমাজিক নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা, আর্থিক ব্যবস্থাপনা, লিঙ্গ- ভিত্তিক সহিংসতা ইত্যাদি ক্ষেত্রে অভিযোগকারীর পরিচয় প্রকাশে গোপনীয়তা বজায় রাখা হবে)।

মোঃ মুনজুরুল হক
উপ-পরিচালক, বিআইডব্লিউটিএ এবং পরিবেশ ও সামাজিক সেল প্রধান, পিআইইউ
প্রকল্প পরিচালকের কার্যালয়, বিআরডব্লিউটিপি-১ পকল্প
বিএসসি টাওয়ার, লেভেল-১৯ ও ২১, ২-৩ রাজউক এভিনিউ
মতিঝিল, ঢাকা-১০০০, বাংলাদেশ।
মোবাইল ফোনঃ ০১৭২২১৭৯৪৭৯
ই-মেইলঃ monju_biwta@yahoo.com

**বিঃদ্রঃ** জিআরএম সম্পর্কিত তথ্য বিস্তারিত জানতে সংযুক্ত ফাইল-এ প্রবেশ করুন

**সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ/মতামত বিবেচনা ও অভিযোগ নিরসন পদ্ধতি (জিআরএম) সম্পর্কিত তথ্য**

**১. ভূমিকা**

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) বিশ্বব্যাংক-এর আর্থিক (ঋণ) সহায়তায় 'বাংলাদেশ আঞ্চলিক অভ্যন্তরীণ নৌ-পরিবহন প্রকল্প-১' গ্রহণপূর্বক বাস্তবায়ন করছে। এ প্রকল্পে প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ বিবেচনা ও অভিযোগ নিরসনের ব্যবস্থা রাখা হয়েছে যা নিম্নরূপঃ

**ক) পরামর্শ দান/অভিযোগ দায়েরের ক্ষেত্র এবং পরামর্শ ও অভিযোগ গ্রহণের পদ্ধতিঃ**

প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে যদি কোন ব্যক্তি/ব্যক্তিবর্গের, গোষ্ঠী বা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে (যেমন- প্রকল্পের জন্যে ভূমি অধিগ্রহণ, ক্ষতিপূরণ, পুনর্বাসন, ক্রয়, নির্মাণ কাজের গুণগতমান, সামাজিক নিরাপত্তা ও পরিবেশ সুরক্ষা, আর্থিক ব্যবস্থাপনা, ইত্যাদি) পরামর্শ, মতামত বা কোন অভিযোগ থাকে তবে তা জিআরএম-এ বিবেচনার জন্য নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে/যোগাযোগ করতে পারেন। তবে আদালতে বিচারাধীন কোন বিষয় জিআরএম-এ বিবেচিত হবে না।

**খ) পরামর্শ ও অভিযোগ নিরসন পদ্ধতিঃ**

প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে অভিযোগ ও পরামর্শ বা মতামত পাওয়ার পর কর্তৃপক্ষ কর্তৃক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে বিশ্বব্যাংক-এর সুরক্ষা নীতিমালা ও বাংলাদেশ সরকারের প্রচলিত আইন অনুযায়ী তদন্ত সাপেক্ষে (প্রয়োজনে) যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। পরামর্শ বা মতামত প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রাসঙ্গিক ও গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হলে সেটি প্রকল্পে অর্ন্তভুক্ত করার বিষয়ে উদ্যোগ গ্রহণসহ গৃহীত সিদ্ধান্ত লিখিত আকারে সংশ্লিষ্ট ব্যক্তি(বর্গ) ও প্রতিষ্ঠান(সমূহ) কে জানিয়ে দেওয়া হবে।

**২. প্রকল্পের অবস্থান, কম্পোনেন্ট ও পূর্তকর্মসমূহঃ**

এ প্রকল্প ৩ (তিন)টি কম্পোনেন্টে বিভক্ত যেগুলোর আওতায় বিভিন্ন গুরুত্বপূর্ণ সিভিল বা পূর্তকর্ম সম্পাদন করা হবে। এগুলোর বিবরণ নিম্নরূপঃ

**কম্পোনেন্ট-১ঃ অভ্যন্তরীণ নৌ-পথের নাব্যতা উন্নয়ন (ঢাকা-চট্টগ্রাম-আশুগঞ্জ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করিডোর)**

ঢাকা-চট্টগ্রাম-আশুগঞ্জ, নারায়ণগঞ্জ ও বরিশালে মূল নদী ও শাখা নদীসমূহ (প্রায় ৮০০ কিঃ মিঃ নৌ-পথ) Performance Based Contract (PBC) ড্রেজিং এর মাধ্যমে রক্ষণাবেক্ষণ এবং নাব্যতা সংরক্ষণ করা হবে । উক্ত নৌ-রুটের ৩ (তিন)টি ফেরী ক্রসিং এলাকা (চাঁদপুর-শরিয়তপুর, লক্ষীপুর-ভোলা এবং ভেদুরিয়া-লাহারহাট) সংরক্ষণের নিমিত্ত ড্রেজিং করা হবে। এছাড়া এ নৌ-করিডোর বরাবর প্রাথমিকভাবে নির্বাচিত ৬টি স্থান (১. ষাটনল, চাঁদপুর ২. মাঝেরচর, চাঁদপুর ৩. চাঁদপুর সদর ৪. হিজলা বাজার, বরিশাল ৫. নলচিরা, নোয়াখালি এবং ৬. সারিকাইট, চট্টগ্রাম)-এ নৌ-যানসমূহের জন্য ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ করা হবে।

**কম্পোনেন্ট-২ঃ অগ্রাধিকারমূলক অভ্যন্তরীণ নৌ-পথ টার্মিনাল ও ল্যান্ডিং ঘাট/স্টেশনসমূহের সেবার মান উন্নয়ন**

এ কম্পোনেন্টের অধীনে ৪টি প্যাসেঞ্জার টার্মিনাল (১. ঢাকা ২. নারায়ণগঞ্জ ৩. চাঁদপুর এবং ৪. বরিশাল) নির্মাণ ও উন্নয়ন করা হবে এবং পানগাঁও, ঢাকা ও আশুগঞ্জ, বি.বাড়িয়ায় দুটি কার্গো টার্মিনাল নির্মাণ ও উন্নয়ন করা হবে। এ সব প্যাসেঞ্জার ও কার্গো টার্মিনালের মধ্যে শ্মশানঘাট, চাঁদপুর ও পানগাঁও নতুনভাবে নির্মাণ করা হবে এবং নারায়নগঞ্জ, বরিশাল ও আশুগঞ্জ এর টার্মিনালসমূহ সংস্কার ও আধুনিকীকরণ করা হবে। এ ছাড়াও ১৫টি লঞ্চ ঘাট/ল্যান্ডিং স্টেশন নির্মাণ করা হবে। এগুলোর অবস্থান হলো- (১) ভৈরব বাজার, কিশোরগঞ্জ (২) আলু বাজার, চাঁদপুর (৩) হরিণা, চাঁদপুর (৪) হিজলা, বরিশাল (৫) মজু চৌধুরী, লক্ষীপুর (৬) ইলিশা, ভোলা (৭) ভেদুরিয়া, ভোলা (৮) লাহারহাট, বরিশাল (৯) বদ্দারহাট, লক্ষীপুর (১০) দৌলতখাঁ, ভোলা (১১) চেয়ারম্যান ঘাট, নোয়াখালি (১২) সন্দ্বীপ আরসিসি জেটি, চট্টগ্রাম (১৩) তজুমুদ্দিন, ভোলা (১৪) মনপুরা, ভোলা এবং (১৫) তমুরুদ্দিন, ভোলা।

**কম্পেনিন্টে-৩ঃ প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়ন স্থায়ীত্বকরণ**

নারায়ণগঞ্জে অবস্থিত বিআইডব্লিউটিএ ডেক এবং ইঞ্জিন কর্মচারী প্রশিক্ষণ সেন্টার (DEPTC) এর সংস্কার ও আধুনিকীকরণ এবং প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়নের মাধ্যমে দক্ষ প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।